১৪ই এপ্রিল নাটোরে জন্মগ্রহণ করেন। তার পিতা পরোলোকগত। দুই ভাই ও ও এক বোনের মাঝে তিনি বড়। বিবাহিত জীবনে তিনি দুই পুত্রের জনক। কর্মজীবনে তিনি একটি বিদেশী প্রতিষ্ঠানের দেশী পরিচালক হিসেবে কর্মরত।

তার প্রথম কাব্যগ্রন্থ "ইচ্ছে হলে ছুঁতে পারি তোমার অভিমান"। দ্বিতীয় কাব্য গ্রন্থ "তুমি আমার কষ্টগুলো সবুজ করে দাও না" প্রকাশিত হয় ২০১০ সালে।

এছাড়াও তিনি বিটিভিতে প্রচারিত "তোমার চোখে দেখি" ও "রাজকুমারী" নাটকের রচয়িতা। বাংলা একাডেমী থেকে প্রকাশিত হয় ব্যান্ড সংগীতের ওপর তার লেখা প্রথম গবেষণাধর্মী প্রবন্ধ "বাংলাদেশে ব্যান্ড সংগীত আন্দোলন"। তুমি আমার প্রথম সকাল, জেল থেকে বলছি, কষ্ট পেতে ভালবাসি, কেউ সুখী নয়, হাসতে দেখ গাইতে দেখ, কত কষ্টে আছি, পালাবে কোথায়, মাকে বলিস, কষ্ট কাকে বলে, একজন বিবাগী ইত্যাদি জনপ্রিয় গানের গীতিকারও তিনি। তার গাওয়া প্রথম এ্যালবাম "নিয়ম ভাঙার নিয়ম"।